

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সরকার গঠন ও রাষ্ট্রাচার অধিশাখা
www.cabinet.gov.bd

প্রেস রিলিজ

আজ ২৪ এপ্রিল ২০১৮ তারিখ মঙ্গলবার সন্ধ্যা ৭.৩০ ঘটিকায় বঙ্গভবনের দরবার হলে মহামান্য রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠিত হয়। জনাব মোঃ আবদুল হামিদ দ্বিতীয় মেয়াদে বাংলাদেশের রাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪৮(১) অনুচ্ছেদ অনুযায়ী জাতীয় সংসদের মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী মহামান্য রাষ্ট্রপতির শপথ-পাঠ পরিচালনা করেন।

২। শপথ অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রধান বিচারপতি, মন্ত্রিসভার সদস্যবৃন্দ, ডিপ্লোমেটিক কোরের সদস্যবৃন্দ, সংসদ সদস্যগণ, বিশিষ্ট নাগরিকবৃন্দ এবং উচ্চপদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলম শপথ অনুষ্ঠানটি পরিচালনা করেন।

Nasima
28.4.2018

মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব
ফোন: ৯৫৭৩৯৭৭